

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)

## উন্নয়ন ও উদ্যোগ্তা উন্নয়ন একডেভি প্রতিষ্ঠাকরণ (২য় সংশোধিত) প্রকল্প [আইডিয়া প্রকল্প] পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন।

পরিকল্পনা বিভাগের ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উন্নয়ন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উন্নতী উদ্যোগ পরিদর্শনের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক পরিকল্পনা বিভাগের চীফ ইনোভেশন অফিসারের নেতৃত্বে আইসিটি বিভাগ কর্তৃক পরিচালিত “উন্নয়ন ও উদ্যোগ্তা উন্নয়ন একডেভি প্রতিষ্ঠাকরণ (২য় সংশোধিত) প্রকল্প [আইডিয়া প্রকল্প]” ২৩/০৫/২০২৩ তারিখে পরিদর্শন করা হয়। এ প্রকল্পটি আইসিটি টাওয়ার এর ১৪ (চৌদ্দ) লেভেলে স্থাপিত।

প্রকল্প পরিচালক, আইডিয়া প্রকল্প উক্ত প্রকল্প সম্পর্কে পরিদর্শনকারী সদস্যদের বিস্তারিত অবহিত করেন। প্রকল্পটি ২০১৬-১৭ অর্থবছরে কার্যক্রম শুরু করে। বাংলাদেশ সরকারের রূপকল্প ২০৪১ এবং স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে এ প্রকল্প নিরলস কাজ করে যাচ্ছে। প্রথম অর্থবছরে ৩২৫টি আইডিয়া দাখিল করে। চলতি ২০২২-২৩ অর্থবছরে প্রায় ৭ হাজার আইডিয়া দাখিল করেছে যার মধ্য হতে ২০০ আইডিয়া চূড়ান্ত করা হয়েছে। আইডিয়া প্রকল্প হতে মূলত স্টার্টআপ ইকোসিস্টেম-কে অর্থায়ন, নুতন আইডিয়া যাচাই-বাছাইকরণসহ বিভিন্নভাবে সহায়তা করা হয়। স্টার্ট আপ ইকোসিস্টেম এর আওতায় কোন আইডিয়া বাস্তবায়ন করতে হলে সেক্ষেত্রে কয়েকটি ক্রাইটেরিয়া অনুসরণ করতে হয়। যেমন: (ক) আইডিয়াটি ইনোভেটিভ হতে হবে; (খ) ইউনিক; (গ) টেকসই ব্যবসায়িক মডেল (ঘ) প্রোটোটাইপ (ঙ) এবং লাভজনক হতে হবে।

### আইডিয়া প্রকল্পের কার্যক্রম:

- (ক) নুতন ও ইউনিক স্টার্টআপ কোম্পানিকে ১০ লক্ষ টাকার অনুদান প্রদান;
- (খ) কিছু কিছু স্টার্টআপ-কে বিনা খরচে আইসিটি ভবনে প্রাথমিক পর্যায়ে কাজ করার সুযোগ সৃষ্টি;
- (গ) বিনা খরচে প্রশিক্ষণ, মেন্টরিং এবং ইনকিউবেশনে সুযোগ সৃষ্টি;
- (ঘ) জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন;
- (ঙ) আন্তর্জাতিক পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন;
- (চ) ফেরিকেশন ল্যাব সুবিধা প্রদান।

আইডিয়া প্রকল্পের অনুদান:

৪টি পর্যায়ে এ প্রকল্প হতে অনুদান প্রদান করা হয়।

- (ক) প্রি-সিড লেভেল;
- (খ) সিড লেভেল;
- (গ) গ্রোথ লেভেল;
- (ঘ) গাইডেড স্টার্ট আপ।

যুগ্মসচিব (বাজেট ও এপিএ) এবং চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ জানান “উন্নাবন ও উদ্যোগ্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ (২য় সংশোধিত) প্রকল্প [আইডিয়া প্রকল্প]” স্মার্ট বাংলাদেশ গঠনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। তিনি “উন্নাবন ও উদ্যোগ্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ (২য় সংশোধিত) প্রকল্পের” আওতায় রিসার্চপুল গঠনের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন।

  
২৫.৫.২০১৯  
(সাদিয়া শারমিন)  
যুগ্মসচিব (এপিএ)

ও

চীফ ইনোভেশন অফিসার  
পরিকল্পনা বিভাগ